

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ১৬০২

৬/ জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৬/৫৬. বিপদগ্রস্ত ব্যক্তিকে সান্ত্বনা দেয়ার সওয়াব।

بَابِ مَا جَاءَ فِي ثَوَابِ مَنْ عَزَّى مُصابًا

### আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ رَافِعٍ قَالَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَاصِمٍ عَنْ مُحَمَّدِ بْنِ سُوقَةَ عَنْ إِبْرَاهِيمَ عَنْ الْأَسْوَدِ عَنْ عَبْدِ اللهِ قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم مَنْ عَزَى مُصنَابًا فَلَهُ مِثْلُ أَجْرِهِ

#### বাংলা

২/১৬০২। 'আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি বিপদগ্রস্ত লোককে সান্ত্বনা দেয় তার জন্য রয়েছে অনুরূপ সওয়াব।

## **English**

It was narrated that 'Abdullah said:

"The Messenger of Allah (ﷺ) said: 'Whoever consoles a person stricken by calamity will have a reward equal to his.'"

### ফুটনোট

তিরমিয়ী ১০৭৩ ইরওয়াহ ৭৬৫, মিশকাত ১৭৩৭।

তাহকীক আলবানীঃ যঈক। উক্ত হাদিসের রাবী আলী বিন আসিম সম্পর্কে ইয়াযীদ বিন হারুন বলেন, আমরা তাকে সর্বদা মিথ্যুক হিসেবে জানি। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি হাদিস বর্ণনায় ভুল ও সংমিশ্রণ করেন। ইয়াহইয়া বিন মাঈন তাকে মিথ্যুক বলেছেন। আমর বিন ফাল্লাস বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে। ইমাম বুখারী বলেন, তিনি হাদিস বিশারদগনের নিকট নির্ভরযোগ্য নন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন